# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

INS02-2/00094/2020/6015/ ৫২১৭ Date: ২২/০১/২০২৫

প্রাপক ঃ অধ্যক্ষ
নবকাম পল্লী কলেজ
যদুনন্দী, সালথা, ফরিদপুর।

বিষয় ঃ **স্নাতকোত্তর (শেষ পর্ব) শিক্ষাকার্যক্রমে অধিভুক্তি নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে কলেজের নিম্নোক্ত শিক্ষাকার্যক্রম ও বিষয়ের অধিভুক্তি নবায়নের মেয়াদ শর্তাধীনে বৃদ্ধি করা হলোঃ

| শিক্ষাকার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয় |
|---|---|---|
| স্নাতকোত্তর (শেষ পর্ব) | ২০২৩-২০২৪ | সমাজকর্ম এবং ব্যবস্থাপনা |

পালনীয় শর্তাবলীঃ

১। শিক্ষা প্রতিষ্ঠানে আনুষ্ঠানিকভাবে জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন বাধ্যতামূলক করতে হবে।
২। **কোভিড-১৯ এর দুর্যোগপূর্ণ পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রীদের জন্য অন-লাইন (Online) ভিত্তিক পাঠদানের ব্যবস্থা করতে হবে।**
৩। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে পরিষ্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪। ছাত্র-ছাত্রীদের নিরাপদ সড়কের বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।
৫। শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণে যৌন নিপীড়ন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬। সমাজকর্ম এবং ব্যবস্থাপনা **বিষয়ে কাম্য সংখ্যা পূর্ণকালীন শিক্ষক নিয়োগ দিয়ে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।**
৭। অধিভুক্তি সংক্রান্ত সংশোধিত রেগুলেশন-২০১৯ এর আলোকে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তিসহ স্নাতক (পাস) শিক্ষাকার্যক্রমে অধিভুক্ত প্রতিটি বিষয়ে ন্যূনতম ০৩(তিন) জন এবং স্নাতকোত্তর পর্যায়ে ১২ (বার) করে শিক্ষক কর্মরত থাকতে হবে এবং বিজ্ঞান বিষয়ে মানসম্মত ল্যাবরেটরী ও প্রদর্শক কর্মরত থাকতে হবে।
৮। নিয়মিত টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা করতে হবে এবং প্রতি শিক্ষা মাসে সংশ্লিষ্ট শিক্ষকদের দ্বারা পরীক্ষা গ্রহণ করে ফলাফলের রেকর্ড সংরক্ষণ করতে হবে।
৯। গবেষণাগারে প্রয়োজনীয় দ্রব্যাদি ও যন্ত্রপাতির সরবরাহ নিশ্চিত করতে হবে।
১০। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে কোন শিক্ষাকার্যক্রম/বিষয় প্রবর্তন করা যাবে না।
১১। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী গভর্নিং বডি গঠন করতে হবে।
১২। অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে ফিসহ নির্ধারিত ফরমে কলেজ পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপর্যুক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা সে সংক্রান্ত সকল তথ্যাবলীসহ আবেদন করা না হলে পরবর্তী অধিভুক্তি নবায়নের আবেদন বিবেচনা করা হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আনুমোদনক্রমে

12.01.2025
মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইল ঃ ০১৭১১-৫৬৩৪০০

INS02-2/00094/2020/6015/ ৫২১৭ Date: ২২/০১/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। ডিন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৪। অফিস কপি।

12.01.2025
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়